বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়, কৃষি ব্যাংক ভবন,
৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা,
ঢাকা-১০০০।
ক্রেডিট বিভাগ
(dgmlad1@krishibank.org.bd)

মুজিববর্ষের প্রতিশ্রুতি
আর্থিক খাতের অগ্রগতি

নং-প্রকা/ক্রেঃবিঃ/শাখা-১/৭(২৯)/২০২০-২০২১/২৫৭৮(১২৫০) তারিখঃ ২৫/০৫/২০২১

সকল মহাব্যবস্থাপক
বাংলাদেশ কৃষি ব্যাংক
বিভাগীয় কার্যালয়সমূহ।

বিষয়ঃ নভেল করোনা ভাইরাস প্রাদুর্ভাবের কারণে সৃষ্ট সঙ্কট মোকাবেলায় কৃষকের অনুকূলে এসিডি সার্কুলার নং-০২ এর আওতায় শস্য ও ফসল খাতে ৪% রেয়াতি সুদ হারে বিতরণকৃত ঋণ হিসাব সমূহের মধ্যে ২০২০-২০২১ অর্থ বছরে সুদাসলে সম্পূর্ণ আদায়ের মাধ্যমে বন্ধ হওয়া ঋণ হিসাবসমূহের সুদ বাবদ ক্ষতির বিপরীতে সুদ-ক্ষতি দাবী সম্বলিত প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

শিরোনামে বর্ণিত বিষয়ে বাংলাদেশ ব্যাংকের কৃষি ঋণ বিভাগের এসিডি সার্কুলার নং-০২ তারিখ ২৭/০৪/২০২০ (যা অত্র বিভাগের ০৩/০৫/২০২০ তারিখের ১১২৭ (১২৫০) নং পত্রের মাধ্যমে পৃষ্ঠাংকনকৃত) এর প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে ।

০২। উপরোক্ত পত্রের মাধ্যমে নভেল করোনা ভাইরাস-এর প্রাদুর্ভাবের কারণে ০১/০৪/২০২০ তারিখ হতে ৩০/০৬/২০২১ তারিখ পর্যন্ত সময়ের মধ্যে কৃষি ও পল্লী ঋণ নীতিমালা ও কর্মসূচিতে উল্লিখিত ধান গমসহ সকল দানা শস্য, অর্থকরী ফসল, শাক-সবজি ও কন্দাল ফসল চাষের জন্য ৪% রেয়াতি সুদ হারে কৃষি ঋণ বিতরণ ও আদায়/সমন্বয়ের জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে। সংশ্লিষ্ট অর্থবছর সমাপ্তির ০১(এক) মাসের মধ্যে বাংলাদেশ ব্যাংকের নিকট ০১.০৭.২০২০ হতে ৩১.০৩.২০২১ পর্যন্ত ৫% এবং ০১.০৪.২০২১ হতে ৩০.০৬.২০২১ পর্যন্ত ৪% হারে সুদ ক্ষতিপূরণের দাবী পেশ করতে হবে বিধায়, ২০২০-২০২১ অর্থ বছরের ১লা জুলাই, ২০২০ তারিখ হতে ৩০ জুন, ২০২১ তারিখ পর্যন্ত উল্লেখিত খাতে নির্দিষ্ট সময়ের মধ্যে আদায়কৃত/সমন্বয়কৃত ঋণ হিসাব সমূহের সঠিক ও নির্ভুল দাবী সম্বলিত প্রতিবেদন সংগ্রহ ও সংকলন পূর্বক নিম্নোক্ত ছকে বিভাগাধীন অঞ্চলওয়ারী শাখার তালিকাসহ প্রতিবেদনের হার্ডকপি এবং "এক্সেল ফরমেট-এ" বিবরণীর সফট কপি ই-মেইলযোগে (dgmlad1@krishibank.org.bd) ১০/০৭/২০২১ তারিখের মধ্যে অত্র বিভাগে প্রেরণ করার জন্য বিনীত অনুরোধ করা হলো। উল্লেখ্য, শাখাসমূহ হতে বিবরণীসমূহ সংগ্রহ ও একীভূত করে,আঞ্চলিক/মুখ্য আঞ্চলিক কার্যালয় সমূহ বিভাগীয় কার্যালয়ে এবং বিভাগীয় কার্যালয়, আঞ্চলিক/মুখ্য আঞ্চলিক কার্যালয় হতে প্রাপ্ত বিবরণীসমূহ একীভূত ও পরীক্ষান্তে প্রধান কার্যালয়ের ক্রেডিট বিভাগে প্রেরণ করবে। কোন ভাবেই শাখা/আঞ্চলিক/মুখ্য আঞ্চলিক কার্যালয় হতে আলাদা কোন বিবরণী সরাসরি প্রধান কার্যালয়ে প্রেরণ করা যাবে না।

**"ছক"**

ব্যাংকের নামঃ বাংলাদেশ কৃষি ব্যাংক।
বিষয়ঃ নভেল করোনা ভাইরাস প্রাদুর্ভাবের কারণে সৃষ্ট সঙ্কট মোকাবেলায়
শস্য ও ফসল খাতে ৪% রেয়াতি সুদ হারে কৃষি ঋণ বিতরণের সুদ-ক্ষতি দাবী প্রসঙ্গে।

বিভাগের নামঃ ... ... ... ... ... ... ... (লক্ষ টাকায়)

| ক্রম | শাখার নাম, ঠিকানা | গ্রাহকের নাম ও ঠিকানা | ঋণ হিসাব নং | বিতরণকৃত ঋণের পরিমাণ | শস্য/ ফসলের নাম | গ্রাহক পর্যায়ে সুদের হার (৪%) | ঋণ বিতরণের তারিখ | ঋণ পরিশোধের /সমন্বয়ের তারিখ | মঞ্জুরিকালীন ঋণের মেয়াদ | ৪% হারে আদায়কৃত সুদের পরিমাণ | সংশ্লিষ্ট ঋণের বিপরীতে দাবীকৃত ভর্তুকির পরিমাণ (০১.০৭.২০২০ হতে ৩১.০৩.২০২১ পর্যন্ত ৫% এবং ০১.০৪.২০২১ হতে ৩০.০৬.২০২১ পর্যন্ত ৪% হারে ) |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | | | |
| | মোট পরিমাণ | | | | | | | | | | |

চলমান পাতা- ০২

০৩। সঠিক ও নির্ভুল প্রতিবেদন প্রেরণের ক্ষেত্রে নিম্নোক্ত দিকনির্দেশনা অনুসরণ করার জন্য অনুরোধ করা হলোঃ

(ক) বিতরণকৃত ঋণ মঞ্জুরিপত্রে উল্লেখিত নির্ধারিত মেয়াদের মধ্যে (২০২০-২০২১ অর্থবছরের অর্থাৎ ১লা জুলাই, ২০২০ তারিখ হতে ৩০ জুন, ২০২১ তারিখ পর্যন্ত) নির্দিষ্ট সময়ের মধ্যে সুদাসলে সম্পূর্ণ আদায়/সমন্বয়ের মাধ্যমে ঋণ হিসাব বন্ধ হতে হবে এবং সরাসরি কৃষকের অনুকূলে ৪% হারে ঋণ বিতরণ করা হয়েছে মর্মে প্রত্যায়ন পত্র প্রেরণ করতে হবে;

(খ) দাবী সংশ্লিষ্ট হিসাবসমূহে কৃষক পর্যায়ে সর্বোচ্চ সুদ হবে ৪% এবং দাবীকৃত সুদ ভর্তূকী ০১.০৭.২০২০ হতে ৩১.০৩.২০২১ পর্যন্ত ৫% এবং ০১.০৪.২০২১ হতে ৩০.০৬.২০২১ পর্যন্ত ৪% হারে সঠিকভাবে হিসাব করতে হবে ; উল্লেখ্য যে, ৩০/০৬/২০২১ তারিখ এর পর চলমান ঋণসমূহের অবশিষ্ট মেয়াদের জন্য স্বাভাবিক সুদ হার প্রযোজ্য হবে;

(গ) ঋণ বিতরণকারী শাখাসমূহ কৃষক পর্যায়ে সর্বোচ্চ ৪% রেয়াতি সুদে বিতরণকৃত ঋণ গ্রহীতাদের তালিকাসহ এতদ্‌সংক্রান্ত যাবতীয় তথ্যাদি যেমন- মোট ঋণ গ্রহীতার সংখ্যা, শস্য/ফসলের নাম, ঋণ গ্রহীতার নাম ও ঠিকানা, জমির পরিমাণ, ঋণ মঞ্জুরী ও বিতরণকৃত ঋণের পরিমাণ, ঋণের মেয়াদ, ঋণ বিতরণ ও সমন্বয়ের তারিখ ইত্যাদি সংরক্ষণ করবে যাতে প্রয়োজনবোধে ক্ষতিপূরণের অর্থ প্রদানের পূর্বে বাংলাদেশ ব্যাংক কর্তৃক তার যথার্থতা যাচাই করা সম্ভব হয়। এছাড়া, ঋণ বিতরণকারী শাখাসমূহ এতদ্‌সংক্রান্ত যাবতীয় তথ্যাদি বিবরণী আকারে প্রেরণ করতে হবে;

(ঘ) এ সার্কুলারের আওতায় আর্থিক ক্ষতিপূরণ দাবী হিসাবায়নের ক্ষেত্রে আমদানী বিকল্প ফসলসমূহ (ডাল, তৈলবীজ, মসলা জাতীয় ফসল ও ভুট্টা) চাষের জন্য বিতরণকৃত ঋণের আদায়কৃত/সমন্বয়কৃত ঋণ হিসাব সমূহকে অন্তর্ভুক্ত করা যাবে না। আমদানী বিকল্প ফসলসমূহ চাষের জন্য বিতরণকৃত ঋণসমূহের বিপরীতে আর্থিক ক্ষতিপূরণ দাবী প্রচলিত নিয়মে পৃথকভাবে করতে হবে।

(ঙ) ঋণ মঞ্জুরী পত্র অনুযায়ী নির্ধারিত মেয়াদ শেষে কোন ঋণ সম্পূর্ণ বা আংশিক অনাদায়ী থাকলে তার উপর রেয়াতি সুদ হার প্রযোজ্য হবে না। মেয়াদোত্তীর্ণ বকেয়ার উপর ব্যাংকের নির্ধারিত স্বাভাবিক সুদের হারই ঋণ বিতরণের তারিখ হতে প্রযোজ্য হবে।

(চ) দাবী পেশের জন্য সুদ হিসাব করার সময় Days product এর ভিত্তিতে সুদ হিসাব করতে হবে যাতে যাচাইকালে কোন গড়মিল পরিলক্ষিত না হয়।

০৪। বাংলাদেশ ব্যাংক কর্তৃক দৈবচয়ন (Random sampling) ভিত্তিতে রেয়াতী হারে যোগ্য বলে দাবীকৃত ঋণের ন্যূনপক্ষে ১০% ঋণ নথি সরেজমিনে যাচাই করবে এবং যাচাইকৃত ঋণের মধ্যে যে পরিমাণ ঋণ নিয়মানুযায়ী প্রদেয় হয়নি মর্মে প্রমাণিত হবে তার শতকরা হার নির্ণয় করতঃ তা ব্যাংকের পুরো দাবীকৃত ঋণের উপর কার্যকরণপূর্বক ক্ষতিপূরণ নির্ধারণ করবে। এমতাবস্থায়, কোন শাখা কর্তৃক ভুল তথ্য সম্বলিত প্রতিবেদন দাখিল করা বা বিলম্বে দাবী পেশের কারণে রেয়াতী সুদের ক্ষতিপূরণযোগ্য ভর্তূকী দাবীকৃত অর্থের পরিমাণ হ্রাস পেলে পুরো ঘাটতি টাকা সংশ্লিষ্ট শাখা ব্যবস্থাপক ও মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের নিকট হতে আদায়যোগ্য হবে।

০৫। উপরোক্ত দিকনির্দেশনাবলী অনুসরণ পূর্বক সঠিক দাবী সম্বলিত প্রতিবেদন ১০/০৭/২০২১ তারিখের মধ্যে প্রধান কার্যালয়ের ক্রেডিট বিভাগে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

০৬। উক্ত প্রতিবেদন তৈরিতে কোন সংশয় সৃষ্টি হলে অত্র বিভাগের উর্ধতন মুখ্য কর্মকর্তা জনাব মোঃ শফিকুল ইসলাম ০১৭৯৪-২৪১৪৩৪ এর সাথে তাৎক্ষণিক যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

আপনার বিশ্বস্ত

২৯/০৫/২০২১

(মোহাম্মদ মঈনুল ইসলাম)
উপমহাব্যবস্থাপক
ফোনঃ ০২২২৩৩৫৮৬৮১
০২২২৩৩৮৮৯৪৯

সংযুক্তিঃ বর্ণনামতে ।

সদয় অবগতির জন্যঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয় এর সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১, ২, ৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক (পরিকল্পনা ও পরিচালন) মহোদয়ের দপ্তর , বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। উপমহাব্যবস্থাপক, শাখা নিয়ন্ত্রন ও ব্যবসা উন্নয়ন বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৫। উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেম্‌স, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। ***পত্রটি ব্যাংকের ওয়েব সাইটের উন্মুক্ত অংশে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করার জন্য অনুরোধ করা হলো।***
০৫। সকল মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক ব্যবস্থাপক, বিকেবি, মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক কার্যালয়সমূহ।
০৬। সংশ্লিষ্ট সকল শাখা ব্যবস্থাপক , বিকেবি (মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক কার্যালয়সমূহ এর মাধ্যমে)।
০৭। নথি/মহানথি।

২৯.০৫.২০২১
(মোঃ এনামুল হোসেন)
সহকারী মহাব্যবস্থাপক